

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

নং.১৯.০০.০০০০.৮৪৫.৪০.০০২.২০২০/২৩

তারিখঃ ২৯ নভেম্বর ২০২১

প্রেরকঃ জনাব মোঃ আরাফাত রহমান
সিনিয়র সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব তানভীর আহমেদ তরফদার
সিনিয়র সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ০৬-১৫ ডিসেম্বর ২০২১ পর্যন্ত জামাইকার কিংস্টনে অনুষ্ঠিতব্য International Seabed Authority-এর ২৬ তম অধিবেশনে যোগদানের জন্য সরকারি মঞ্জুরি প্রসঙ্গে।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আপনার অনুকূলে আগামী ০৬-১৫ ডিসেম্বর ২০২১ অনুষ্ঠেয় International Seabed Authority-এর ২৬ তম অধিবেশনে অংশগ্রহণের নিমিত্ত বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে জামাইকার কিংস্টন সফরের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরি আদেশের শর্তাবলী নিম্নরূপঃ

ক) ভ্রমণকালীন সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে। আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না।

খ) ভ্রমণ সংক্রান্ত যাবতীয় ব্যয় মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের জন্য বরাদ্দকৃত ২০২১-২২ অর্থ বছরের বাজেট হতে নির্বাহ করা হবে; ভ্রমণের যাবতীয় খরচ বৈধ বিল ভাউচার জমা দিয়ে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়কের অফিস হতে উত্তোলন করবেন।

গ) উক্ত অধিবেশনে অংশগ্রহণের জন্য আপনি আগামী ০৪ ডিসেম্বর ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

(মোঃ আরাফাত রহমান)

সিনিয়র সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন/আমেরিকাস/পররাষ্ট্র সচিবের দপ্তর) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/প্রতিমন্ত্রীর দপ্তর/সংস্থাপন/অর্থ) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। রাষ্ট্রাচার উপপ্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সিনিয়র/সহকারী সচিব (সংস্থাপন-১/অর্থ/বাজেট/সাধারণ সেবা/আইসিটি) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।

Amr
29/11/2021

(মোঃ আরাফাত রহমান)

সিনিয়র সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা